



## জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ [info@nhrc.org.bd](mailto:info@nhrc.org.bd); হেল্পলাইনঃ ১৬১০৮

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞ:/ -২৩৯/১৩-১২৮

তারিখঃ ০৭ জুন ২০২২

বরাবর

প্রধান প্রতিবেদক/ বার্তা সম্পাদক

### বিষয়ঃ কাভারেজের অনুরোধ

জনাব,

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ আগামী ০৮ জুন ২০২২ তারিখ, বুধবার সকাল ১১ ঘটিকায় সিরডাপ মিলনায়তনে (চামেলী হাউজ) “বাস্তুচ্যুত রোহিঙ্গাদের মিয়ানমারে শান্তিপূর্ণ প্রত্যাবাসন: প্রতিবন্ধকতা ও করণীয়” শীর্ষক গোলটেবিল বৈঠক আয়োজন করেছে। বাংলাদেশে আশ্রিত রোহিঙ্গাদের দ্বারা সংঘটিত অপরাধের মাত্রা ক্রমাগত বৃদ্ধি পাওয়ায় এবং স্থানীয় জনগোষ্ঠীর ওপর রোহিঙ্গাদের অবস্থানের বিরূপ প্রভাব পড়ার প্রেক্ষিতে উক্ত গোলটেবিল বৈঠক আয়োজন করা হয়েছে। উক্ত আয়োজনের উদ্দেশ্য হলো স্থানীয় জনগোষ্ঠীর ওপর রোহিঙ্গাদের অবস্থানের প্রভাব চিহ্নিত করে তা দূরীকরণে করণীয় নির্ধারণ এবং রোহিঙ্গাদের নিজ দেশ মিয়ানমারে প্রত্যাবাসনের ক্ষেত্রে সংশ্লিষ্টদের ভূমিকা সম্পর্কে আলোচনা করা।

বৈঠকে সভাপতিত্ব করবেন জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান নাছিমা বেগম, এনডিসি। মূল প্রবন্ধ উপস্থাপন করবেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক ড. ইমতিয়াজ আহমেদ। প্যানেলিস্ট হিসেবে বক্তব্য রাখবেন জাতীয় মানবাধিকার কমিশনের সার্বক্ষণিক সদস্য ড. কামাল উদ্দিন আহমেদ, পররাষ্ট্র মন্ত্রণালয়ের মিয়ানমার উইং এর মহাপরিচালক জনাব মিয়া মোঃ মইনুল কবির, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের অধ্যাপক মেসবাহ কামাল। সভায় আইওএম, ইউএনএইচসিআরসহ জাতিসংঘের অন্যান্য সংস্থার প্রতিনিধি, এনজিও/ সিভিল সোসাইটির প্রতিনিধি, বিভিন্ন এম্বাসির প্রতিনিধি উপস্থিত থাকবেন।

উক্ত গোলটেবিল বৈঠক কাভারেজের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষ অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,

স্বাক্ষরিত/-

ফারহানা সাদ্দ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ

মোবাইলঃ ০১৩১৩৭৬৮৪০৪